

রাজা

যে অন্য রাজাগুলো তা'রা ত উৎসবটাকে দলে' মলে'
চারখার করে' দিলে—তাদের হাতিঘোড়া লোক-
লস্করের তাড়ায় দক্ষিণ হাওয়ার দক্ষিণা তার রইল
না, বসন্তর যেন দম আটকাবার জো হয়েছে ! কিন্তু
আমাদের রাজা নিজে জায়গা জোড়ে না, সবাইকে
জায়গা ছেড়ে দেয় । কবিকেশরার সেই গানটা ত
জানিস ?

গান

আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে
নইলে মোদের রাজার সনে মিলব কি স্বপ্নে !
(আমরা সবাই রাজা)

আমরা যা খুসি তাই করি
তবু তাঁর খুসিতেই চবি,
আমরা নই বাঁধা নই দাসের রাজার ত্রাসেব দাসত্বে
নইলে মোদের রাজার সনে মিলব কি স্বপ্নে !
(আমরা সবাই রাজা)

রাজা সবাবে দেন মান
সে মান আগনি ফিরে পান,
মোদের খাটো করে' রাখেনি কেউ কোনো অসত্যে,
নইলে মোদের রাজার সনে মিলব কি স্বপ্নে !
(আমরা সবাই রাজা)

রাজা

আমরা চল্‌ব আপন মতে

শেষে গিল্‌ব তাঁরি পথে

মোরা মরব না কেউ বিফলতার বিষয় আবর্তে
নইলে মোদের রাজার সনে গিল্‌ব কি স্বপ্নে !

(আমরা সবাই রাজা)

তৃতীয়। কিন্তু দাদা, যা বল তাঁকে দেখতে পায় না বলে
লোকে অনায়াসে তাঁর নামে যা খসি বলে সেইটে
অসম্ভব হয়।

প্রথম। এই দেখ না, আমাকে গাল দিলে শাস্তি আছে কিন্তু
রাজাকে গাল দিলে কেউ তাঁর মুখ বন্ধ করবারই
নেই।

ঠাকুর্দা। ওর মানে আছে ; প্রজার মধ্যে যে রাজাটুকু আছে
তাঁরই গায়ে আঘাত লাগে তাঁর বাইরে যিনি তাঁর
গায়ে কিছুই বাড়ে না। সূর্যের যে তেজ প্রদীপে
আছে তাতে ফুটুকু সয় না, কিন্তু হাজার লোকে
মিলে সূর্যে ফাঁ দিলে সূর্য অগ্নান হ'য়েই থাকেন।

(বিশ্ববস্ত্র ও বিরূপাক্ষের প্রবেশ)

বিশ্ববস্ত্র। এই যে ঠাকুর্দা, এই দেখ, এই লোকটা রটিয়ে
বেড়াচ্ছে আমাদের রাজাকে কুৎসিত দেখতে, তাই
তিনি দেখা দেন্ না।

ঠাকুর্দা। এতে রাগ কর কেন বিশ্ব ! ওর রাজা কুৎসিত
বই কি, নইলে তাঁর রাজ্যে বিরূপাক্ষের মত অমন